



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/21/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীকে প্রতারণা থেকে রক্ষা করতে বিধিমালায় স্বাক্ষর করলেন

বিধিমালা S.6088/A.4023-A ইলেক্ট্রনিক বেনিফিট ট্রান্সফার কার্ড গ্রহণ করা দোকানসমূহের জন্য গ্রাহকদের স্কিমিং সম্পর্কে সতর্ক করা এবং এই অনুশীলন থেকে কীভাবে তারা নিজেদের রক্ষা করতে পারবে তা জানানো আবশ্যিক করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ইলেক্ট্রনিক বেনিফিট ট্রান্সফার (Electronic Benefit Transfer, EBT) কার্ড গ্রহণ করা দোকানসমূহের জন্য স্কিমিং সম্পর্কে সতর্ক করা আবশ্যিক করার মাধ্যমে নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীকে প্রতারণা থেকে রক্ষা করতে বিধিমালা S.6088/A.4023-A স্বাক্ষর করেছেন। স্কিমিং হলো যখন একজন স্ক্যামার একটি পয়েন্ট-অফ-সেল টার্মিনালে একটি যন্ত্র স্থাপন করে ডেইজ কার্ডধারীর কার্ড ডেটা ও পিন নম্বর স্কিম করে নেয়, যার ফলে স্ক্যামার ভিকটিমের বেনিফিট নিঃশেষ করে দিতে পারে। স্কিমিং সম্পর্কে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে এই বিধিমালাটি নিউ ইয়র্কবাসীকে এই অনুশীলনের শিকার হওয়া থেকে এবং তাদের সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির (Supplemental Nutrition Assistance Program, SNAP) বেনিফিট বা নগদ সহায়তা হারানো প্রতিরোধে সাহায্য করবে।

"বেবি ফর্মুলা থেকে শুরু করে তাজা খাবার পর্যন্ত, নিজেদের পরিবারকে খাদ্যগ্রহণ ও স্বাস্থ্য ঠিক রাখা নিশ্চিত করার জন্য অত্যাবশ্যকীয় পণ্যের মূল্য পরিশোধে নিউ ইয়র্কবাসীরা তাদের EBT কার্ড ব্যবহার করে," **গভর্নর হোকল বলেন।** "গ্রাহকেরা যাতে স্কিমিং সম্পর্কে অবগত থাকে তা নিশ্চিত করা এবং ভিকটিম হওয়া থেকে কীভাবে নিজেদেরকে রক্ষা করতে হয় তা সম্পর্কে তাদেরকে জানানো নিশ্চিত করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীদেরকে তাদের পকেট থেকে অর্থ চুরি করা স্ক্যামারদের হাত থেকে রক্ষা করতে আমরা পদক্ষেপ গ্রহণ করছি।"

বহু নিউ ইয়র্কবাসী অনেক দেরি হয়ে যাওয়ার পূর্বে স্কিমিংয়ের ব্যাপারে জানতে পারে না। স্কিমাররা একবার কোনো ব্যক্তির কার্ডের ডেটা ও পিন নম্বর চুরি করে ফেললে তারা ভিকটিমের বেনিফিট নিঃশেষ করে ফেলার ক্ষমতা রাখে। বিধিমালা S.6088/A.4023-A গ্রাহকদের এই অনুশীলন সম্পর্কে অবগত করার একটি নোটিশসহ একটি সাইন পয়েন্ট অফ সেলে স্থাপন করার মাধ্যমে ভোক্তাদের সুরক্ষিত রাখতে সাহায্য করাকে EBT গ্রহণ করা ব্যবসাসমূহের জন্য আবশ্যিক করেছে। পাশাপাশি, বিধিমালা অনুযায়ী নিজেদের ও অন্যান্য সংস্থান রক্ষা করার জন্য গ্রাহকেরা কী পদক্ষেপ গ্রহণ করতে পারবে তা নোটিশে অন্তর্ভুক্ত থাকতে হবে।

স্টেটের সিনেটর জন সি লিউ বলেন, "EBT স্কিমিং পুরো স্টেটের একটি ক্রমবর্ধমান সমস্যা, নিজেদের পরিবারের খাবারের ব্যবস্থা করতে এই বেনিফিটের উপর নির্ভর করা নিম্ন আয়ের নিউ

ইয়র্কবাসীকে সেরা সুরক্ষা প্রদান করতে পয়েন্ট অফ সেলেই এই সমস্যার সমাধান করতে হবে। নিজেদের ও নিজেদের পরিবারকে নিরাপদ রাখতে প্রয়োজনীয় তথ্য পেয়ে সকল নিউ ইয়র্কবাসী যাতে যথাযথভাবে তৈরি থাকে তা নিশ্চিত করার জন্য, এবং গুরুত্বপূর্ণ এই বিধিমালাকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে এবং অ্যাসেম্বলিতে এই প্রয়াসের পক্ষ অ্যাসেম্বলিওম্যান রোজিককে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য নিলি রোজিক বলেন, "প্রতিদিন আরো বেশি নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীরা তাদের SNAP বেনিফিট চুরি যাওয়ার ঝুঁকিতে থাকে, যার কোনো প্রতিকার নেই। সেজন্যই সচেতনতা বৃদ্ধি করা এবং নিজেদের জন্য খাদ্য জোগাড় করতে EBT কার্ডের উপর নির্ভর করা ব্যক্তিদের ভোক্তা সুরক্ষা প্রদান করা এতো গুরুত্বপূর্ণ। এই ব্যাপারে নিরলসভাবে কাজ করার জন্য সিনেটর লিউকে এবং গুরুত্বপূর্ণ এই বিলকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি।"

ইলেক্ট্রনিক্যালি SNAP বা সরকারি সহায়তা (Public Assistance) বেনিফিট চুরি হয়েছে এমন নিউ ইয়র্কবাসীরা তার বদলি পাওয়ার জন্য একটি সাধারণ আবেদনপত্র পূরণ করতে পারবে। তবে সকল EBT কার্ড ধারণকারীকে এইসব স্ক্যামের ব্যাপারে সতর্ক থাকতে হবে এবং নিজেদের রক্ষা করার জন্য একাধিক মৌলিক সতর্কতা অবলম্বন করতে হবে, যার মধ্যে রয়েছে যত্নসহকারে পয়েন্ট-অফ-সেল ডিভাইস পর্যবেক্ষণ, নিয়মিত PIN পরিবর্তন করা, এবং ঘনঘন নিজেদের লেনদেনের ইতিহাস পর্যালোচনা করা।

বেনিফিট চুরি হয়েছে এমন সকলের উচিত তাদের কার্ডকে চুরি হওয়া হিসেবে রিপোর্ট করতে এবং একটি বদলি EBT কার্ডের জন্য আবেদন করতে অবিলম্বে EBT গ্রাহক সেবা হেল্পলাইনে (EBT Customer Service Helpline) যোগাযোগ করা। নিউ ইয়র্কবাসীরা যেভাবে হেল্পলাইনে যোগাযোগ করতে পারবে:

- o 1-888-328-6399 নম্বরে ফোন করে;
- o [ConnectEBT](#) ভিজিট করে; বা
- o কানেক্টEBT মোবাইল অ্যাপটি ব্যবহার করে।

EBT কার্ড চুরি হওয়ার রিপোর্ট করা এবং একটি বদলি কার্ডের জন্য অনুরোধ করার পর, নিউ ইয়র্কবাসীরা বদলি বেনিফিটের জন্য আবেদন করা সম্পর্কিত তথ্য [এখানে](#) পাবে। যোগ্য প্রাপকেরা চুরি যাওয়া পরিমাণ বা বেনিফিট চুরি হওয়ার আগের মাসে পাওয়া সম্পূর্ণ মাসিক বরাদ্দের মধ্যে যেই পরিমাণটি কম, তা পাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)